

সংবাদ বিজ্ঞপ্তি

নোবিপ্রবিতে ট্রেজারার'স রিসেপশন অনুষ্ঠিত

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (নোবিপ্রবি) ট্রেজারার'স রিসেপশন অনুষ্ঠিত হয়েছে। বিশ্ববিদ্যালয়ের ফলিত গণিত বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. মোহাম্মদ হানিফ মুরাদ ট্রেজারার হিসেবে নিয়োগ পাওয়ায় বিভাগের পক্ষ থেকে তাকে বরণ করা হয়েছে। আজ বুধবার (১৮ ডিসেম্বর ২০২৪) ফলিত গণিত বিভাগে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল। অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন উপ-উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ রেজওয়ানুল হক।

এসময় প্রধান অতিথির বক্তব্যে উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল বলেন, বিজয়ের মাসে ১৯৭১ এর সকল শহীদ এবং চক্ৰিশের বিপুলে যারা শহীদ হয়েছেন তাদের রুহের মাগফিরাত কামনা করছি। নোবিপ্রবি ফলিত গণিত বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. মোহাম্মদ হানিফ মুরাদ ট্রেজারার হিসেবে নিযুক্ত হওয়ায় বিশ্ববিদ্যালয় প্রশাসনের পক্ষ থেকে অভিনন্দন জানাচ্ছি। মহামান্য রাষ্ট্রপতি কর্তৃক নিয়োজিত আমাদের এ টিম বিশ্ববিদ্যালয়ের উন্নয়নে কাজ করবে। যেকোন সমস্যা আমরা দ্রুততম সময়ের মধ্যে সমাধানের চেষ্টা করবো। অনুষ্ঠানে আগত সবাইকে ধন্যবাদ।

নবনিযুক্ত ট্রেজারার অধ্যাপক ড. মোহাম্মদ হানিফ মুরাদ বলেন, শ্রদ্ধা নিবেদন করছি একাত্তরের মুক্তিযুদ্ধের এবং চক্ৰিশের গণবিপ্লবের সকল শহীদদের প্রতি। চক্ৰিশের আন্দোলনে যারা আহত হয়েছেন তাদের দ্রুত সুস্থতা কামনা করছি। আমি দীর্ঘদিন এই বিভাগের চেয়ারম্যান হিসেবে দায়িত্ব পালন করেছি। বর্তমানে ট্রেজারার পদে যোগদান করেছি। এটি আমার ব্যক্তিগত কোন অর্জন নয় বরং এটি বিশ্ববিদ্যালয়ের অর্জন। সবাইকে ধন্যবাদ।

অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন ফলিত গণিত বিভাগের অধ্যাপক ও ছাত্র পরামর্শ ও নির্দেশনা বিভাগের পরিচালক মোহাম্মদ নিজাম উদ্দিনসহ শিক্ষার্থী, শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ।

ইফতেখার হোসাইন

সহকারী পরিচালক (তথ্য ও জনসংযোগ)

মোবা- ০১৭৩৩৯৯৮৮৯৪